গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮
শের-ই-বাংলা নগর, ঢাকা

প্রভাব মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি বা Terms of References (ToR)

১.০	প্রকল্পের নাম	:	"নির্মল বায়ু এবং টেকসই পরিবেশ (৩য় সংশোধিত)"		
২.০	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	পরিবশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়		
৩.০	বাস্তবায়নকারী সংস্থা	:	পরিবেশ অধিদপ্তর (ডিওই) ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি কর্পোরেশন (ডিএসসিসি ও ডিএনসিসি) ঢাকা ট্রান্সপোর্ট কো-অর্ডিনেশন অথরিটি (ডিটিসিএ)		
৪.০	প্রকল্প এলাকা	:	বিভাগ	জেলা	উপজেলা/সিটি
			ঢাকা	ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ	ঢাকা, গাজীপুর ও নারায়নগহ্জ সিটি কর্পোরেশন
			চট্টগ্রাম	চট্টগ্রাম	চট্টগ্রাম সিটি কর্পোরেশন
			বরিশাল	বরিশাল	বরিশাল সিটি কর্পোরেশন
			সিলেট	সিলেট	সিলেট সিটি কর্পোরেশন
			রাজশাহী	রাজশাহী	রাজশাহী সিটি কর্পোরেশন
			খুলনা	খুলনা	খুলনা সিটি কর্পোরেশন

৫.০ প্রাক্কলিত ব্যয়:

লক্ষ টাকায়

প্রাক্কলিত ব্যয়	মোট	টাকা	প্রকল্প সাহায্য
মুল	৪৪৫০১.৬৪	৫১৮৪.১৬	৩৯৩১৭.৪৮
১ম সংশোধিত	৪৮০৭১.৪১	৫১৮৮.১৬	৪২৮৮৭.২৬
২য় সংশোধিত	৫২১৫৫.০০	২৭৯০.০০	৪৯৩৬৫.০০
৩য় সংশোধিত	৮০২৫২.১৭	৩২৭৮.০০	৭৬৯৭৪.১৭

৬.০ প্রকল্প সংশোধন ও মেয়াদ

প্রকল্পের বাস্তবায়নকাল	মূল	(ক)	শুরুর তারিখ	:	১ জুলাই ২০০৯
		(খ)	সমাপ্তির তারিখ	:	৩০ জুন ২০১৪
	১ম সংশোধিত	(ক)	শুরুর তারিখ	:	১ জুলাই ২০০৯
		(খ)	সমাপ্তির তারিখ	:	৩০ জুন ২০১৪
	২য় সংশোধিত	(ক)	শুরুর তারিখ	:	১ জুলাই ২০০৯
		(খ)	সমাপ্তির তারিখ	:	৩০ জুন ২০১৬
	৩ম সংশোধিত	(ক)	শুরুর তারিখ		১ জুলাই ২০০৯
		(খ)	সমাপ্তির তারিখ		৩০ জুন ২০১৯

৭.০ প্রকল্পের উদ্দেশ্য:

৭.১ সার্বিক উদ্দেশ্য:

পরিবেশ দূষণকারী প্রধান প্রধান সেক্টরে (আরবান ট্রান্সপোর্ট ও ইট তৈরী শিল্প) টেকসই পরিবেশ সৃষ্টির উদ্যোগ SEIs (Sustainable Environment Initiatives) গ্রহণে সহায়তা করার মাধ্যমে বায়ু দূষন রোধ করা এবং ইট তৈরী শিল্পে এনার্জি ইফিসিয়েন্ট টেকনোলজী প্রবর্তন করা এবং ঢাকা শহরে Mass Transit বিশেষত: Bus Rapid Transit চালু করা।

৭.২ প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্য:

- পরিবহন ও ইট তৈরী শিল্পে SEIs পরিকল্পনা, পরিবীক্ষণ, রেগুলেশন ও বাস্তবায়নের সক্ষমতা বৃদ্ধি করা;
- প্রাফিক সিস্টেম উন্নত করার মাধ্যমে ট্রাফিক জট কমানো;
- ইট তৈরী শিল্প হতে দূষিত গ্যাস ও বস্তুকণার নিঃসরণ কমানো;
- বিদ্যমান বাস অপারেশন ব্যবস্থার সংস্কারের ভিত্তি রচনা করা এবং ঢাকা শহরে Strategic Transport Plan (STP) এর সাথে সামঞ্জস্য রেখে Mass transit বিশেষত: Bus Rapid Transit চালু করা;
- বাস সেক্টরেরর সংস্কার ও গাড়ীর নিঃসরণ হ্রাসের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক ও রেগুলেটরী ভিত্তি স্থাপন করা; এবং
- Sustainable Urban Transport বাস্তবায়নে প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা।

৮.০ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম

পরিবেশ অধিদপ্তর অংশ	ঢাকা সিটি কর্পোরেশন (বর্তমানে উত্তর ও দক্ষিণ) অংশ	ঢাকা ট্রান্সপোর্ট কো-অর্ডিনেশন অথিরিটি (ডিটিসিএ)
➢ পরিবেশ অধিদপ্তরের অফিস ভবন নির্মাণ ➢ Continuous Air Monitoring Station (CAMS) নির্মাণ ➢ ০৫ টি বিদ্যমান CAMS ও CAMS shelter এর মেরামত ও রক্ষণাবেক্ষণ ➢ ০৬টি বিদ্যমান CAMS ও সেন্ট্রাল ল্যাবরেটরীর যন্ত্রপাতি সংগ্রহ ➢ ইনফোর্সমেন্ট মনিটরিং যন্ত্রপাতি সংগ্রহ ➢ CAMS, SAMS (Central Air Monitoring Station) ও VEM (Vehicular Emission Monitoring) এর যন্ত্রপাতি সংগ্রহ ➢ স্পেয়ার পার্টস ও Consumables (CAMS) সংগ্রহ ➢ Air Quality Display Software, অফিস সামগ্রী ➢ ডেমোনেস্ট্রেশন (Brick Kilns Emission Management) ➢ পরামর্শ সেবা (দেশী ও বিদেশী) ➢ নবনির্মিত পরিবেশ ভবনের উপর ১১ তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণ ➢ বায়ুমান ল্যাবরেটরী স্থাপন ➢ Cleaner Technology Centre উন্নয়ন ➢ বিকল্প ভবন নির্মাণ সামগ্রী হিসেবে Non Fire brick উৎপাদনের পাইলটিং ➢ শর্ট টার্ম ট্রেনিং ও স্থানীয় প্রশিক্ষণ ➢ নতুন ০৫টি Continuous Air Monitoring Station স্থাপন ও যন্ত্রপাতি	➢ ঢাকা মহানগরীর তেজগাঁও, খীলগাঁও, মোহাম্মদপুর ও পুরাতন ঢাকা এলাকায় ৭৮ কি:মি: রাস্তা, ফুটপাত ও নর্দমা উন্নয়ন; ➢ ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে পথচারী বান্ধব ২৩টি ফুটওভার ব্রীজ নির্মাণ; ➢ ঢাকা মহানগরীর ৩৯টি সড়ক ইন্টারসেকশন উন্নয়ন; ➢ ঢাকা মহানগরীর ট্রাফিক সিগন্যাল সৌর বিদ্যুৎ ব্যবস্থা প্রয়োগের মাধ্যমে আধুনিকীকরণ; ➢ পথচারী ব্যবহার, সড়ক ব্যবহার, ট্রাফিক আইন অনুসরণ, জনসচেতনতা ও উদ্বুদ্ধকরণ কর্মসূচি; ➢ পরামর্শ সেবা (দেশী ও বিদেশী); ➢ ট্রাফিক ম্যানেজমেন্ট ফর ইনফ্রাস্ট্রাকচার সাপ্লাই; ➢ ট্রাফিক সিগনালে রিমোট কন্ট্রোল সরবরাহ ও চালু এবং ০৪টিতে পাইলটিং ; ➢ রোড মিডিয়ান, ফুটপাত ও ইন্টারসেকশনে গার্ড রেল স্থাপন (ডিএসসিসি) ১৩ কি:মি:; ➢ সিভিল ওয়ার্কস-এক্সেসরিজ রক্ষণাবেক্ষণ, লাইটিং, সৌন্দর্যবর্ধন, গার্ডরেল ইত্যাদি (১৩ ফুটওভার ব্রীজ লোকেশনে); ➢ সিগনাল অবকাঠামোর উন্নয়ন, পুরাতন ক্যাবল কানেকশন সংস্কার, পুরাতন pole, foundation অপসারণ এবং মেইনটিন্যান্স ও অপসারণ সার্ভিসেস (৯২টি/ইন্টারসেকশন) ➢ ট্রাফিক ব্যবস্থাপনার জন্য ওয়্যারহাউজ স্টোর নির্মাণ (ডিএসসিসি এরিয়া); ➢ রোড মার্কিং ও রোড সাইন (৯২টি ইন্টারসেকশনে) ➢ সাইডওয়াক, ড্রেনেজ ও সড়ক উন্নয়ন ১৩.৬৫ কি:মি: (ডিএসসিসি ও ডিএনসিসি); ➢ বাস স্টপেজ/প্যাসেঞ্জার শেড নির্মাণ (২০টি); ➢ টার্ম কন্ট্রাক্টের মাধ্যমে পূর্ত কাজ (সাইড ওয়াক ও অন্যান্য মেরামত) ৭০ কি:মি: ➢ প্রতিবন্ধীদের চলাচলের ব্যবস্থা উন্নয়নের জন্য ভৌত কাজ (৫টি লোকেশনে)	➢ BRT ফিজিবিলিটি স্টাডি; ➢ BRT বিস্তারিত ডিজাইন; ➢ বাস নেটওয়ার্ক স্টাডি; ➢ ফিজিবিলিটি স্টাডি (বাস টার্মিনাল); ➢ সফটওয়্যার সংগ্রহ; ➢ পরিবহন আইন প্রণয়ন, প্রশিক্ষণ ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ; এবং ➢ পরামর্শ সেবা (দেশী ও বিদেশী)।

৯.০ <u>পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্ব:</u>

১. প্রকল্পের ১০০% এলাকা সমীক্ষার আওতাভূক্ত হিসেবে মূল্যায়ন করতে হবে;

২. প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদিসহ সকল প্রযোজ্য তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৩. প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্ম-পরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় এবং সার্বিক ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ,সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৪. ডিপিপি এবং লগ ফ্রেমের আলোকে Output, Outcome ও Impact পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৫. প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা ক্রয়ের)Procurement) ক্ষেত্রে সরকারি ক্রয় আইন (পিপিএ-২০০৬), সরকারি ক্রয় বিধিমালা (পিপিআর-২০০৮) এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের গাইডলাইন ইত্যাদি প্রতিপালন করা হয়েছে কি-না এবং ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে কি-না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬. প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদি (পণ্য, অবকাঠামো ও সেবা) পরিচালনা এবং রক্ষণাবেক্ষনের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৭. প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের ফলে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী কি পরিবর্তন হয়েছে তা বিভিন্ন জাতীয়/স্থানীয় তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বেজলাইন সার্ভের (যদি থাকে) আলোকে তুলনামূলক পর্যালোচনা করা (বেইজলাইন না থাকলে কন্ট্রোল গ্রুপের মাধ্যমে মাধ্যমে পর্যালোচনা করতে হবে);

৮. প্রকল্প বাস্তবায়নের ফলে বায়ু দূষণ রোধে পরিবেশ অধিদপ্তরের সক্ষমতা (অবকাঠামোগত ও রেগুলেটরি) বৃদ্ধির প্রভাব মূল্যায়ন, বিশ্লেষণ এবং পর্যালোচনা করা;

৯. প্রকল্পের মাধ্যমে দেশে/প্রকল্প এলাকায় "Energy Efficient Brick kiln Technology" প্রভাব (সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের practice, behavioral change, helath, gender, স্টেকহোল্ডারদের লাভ/ক্ষতি ইত্যাদির পরিবর্তন) মূল্যায়ন, বিশ্লেষণ এবং পর্যালোচনা করা;

১০. প্রকল্প বাস্তবায়নের ফলে সিটি কর্পোরেশনগুলির অবকাঠামোগত (রাস্তা, ড্রেন, ফুটপাত, নর্দমা, সড়কের ইন্টারসেকশন, পথচারীবান্ধব ফুটওভার ব্রিজ, ট্রাফিক সিগন্যাল আধুনীকিকরণ ইত্যাদি) যে উন্নয়ন কার্যক্রম করা হয়েছে পরিবেশ এবং নগর পরিবহন ব্যবস্থার উপড় তার প্রভাব মূল্যায়ন, বিশ্লেষণ এবং পর্যালোচনা করা;

১১. প্রকল্পটি নগর পরিবহন ব্যবস্থার (Mass transit বিশেষতঃ Bus Rapid Transit/Sustainable Urban Transport ইত্যাদি) উপড় কিরুপ প্রভাব ফেলেছে তা মূল্যায়ন, বিশ্লেষণ এবং পর্যালোচনা করা;

১২. প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই)Sustainable(হয়েছে কি-না সে বিষয় পর্যালোচনা করে সুনির্দিষ্ট পর্যবেক্ষণ ও মতামত প্রদান;

১৩. প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম, বাস্তবায়ন পদ্ধতি, সৃষ্ট সুবিধাদি, সৃষ্ট সুবিধাদি টেকসই বিষয়ক ও সৃষ্ট সুবিধাদি পরিচালনা ইত্যাদির SWOT Analysis;

১৪. ইন্টারনাল ও এক্সটারন্যাল অডিট পর্যালোচনা ও পর্যবেক্ষণ এবং অডিট আপত্তি আছে কি-না,থাকলে কয়টি, বিবরণ কী, জড়িত অর্থের পরিমাণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১৫. প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি; (i) প্রকল্প এলাকা থেকে সংগৃহীত তথ্য, Focus Group Discussion (FGD) ও স্থানীয় পর্যায়ে কর্মশালা আয়োজন করে স্টেক হোল্ডারের মতামত গ্রহণ (ii) সময়ভিত্তিক কর্মপরিকল্পনা ও কর্মপদ্ধতি অনুযায়ী প্রতিবেদন প্রণয়ন ও যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন গ্রহণ (iii) জাতীয় পর্যায়ের একটি কর্মশালা আয়োজন করে প্রভাব মূল্যায়নের ফলাফলসমূহ অবহিত করণ ও কর্মশালায় প্রাপ্ত মতামত ও সুপারিশসমূহ বিবেচনা করে প্রতিবেদন চূড়ান্তকরণ;

১৬. এ অর্থবছরের জন্য নির্বাচিতব্য প্রতিষ্ঠানসমূহ যে সকল FGD, KII-সহ সরেজমিন পরিদর্শন সম্পন্ন করবেন, তার একটি ভিডিও (ন্যুনতম ৩০ মিনিটের) প্রমাণক হিসেবে আবশ্যিকভাবে জাতীয় কর্মাশালার পূর্বে আইএমইডিতে দাখিল করতে হবে;

১৭. চূড়ান্ত প্রতিবেদনে উল্লিখিত পর্যালোচনার ভিত্তিতে সার্বিক পর্যবেক্ষণ এবং প্রয়োজনীয় সুপারিশ প্রদান;

১৮. পরামর্শক প্রতিষ্ঠান চুক্তির তারিখ থেকে চার মাসের (১২০ দিন) মধ্যে প্রভাব মূল্যায়ন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম চূড়ান্ত করবে;

১৯. আইএমইডি কর্তৃক ১২ অক্টোবর ২০২২ তারিখে জারীকৃত রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ/নিজস্ব জনবলের মাধ্যমে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ভুক্ত সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন (Impact Evaluation) কার্যক্রম পরিচালনা সংক্রান্ত পরিপত্র অনুযায়ী কার্যক্রম সম্পাদন; এবং

২০. আইএমইডি কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী প্রতিপালন।

১০.০ ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্রমিক নং	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	পরামর্শক প্রতিষ্ঠান	-	• গবেষণা এবং প্রকল্পের প্রভাব মূল্যায়ন সংক্রান্ত সমীক্ষা পরিচালনায় ন্যূনতাম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা। • মাঠ পর্যায়ে ডাটা সংগ্রহ, ডাটা প্রক্রিয়াকরণ ও রিপোর্ট প্রণয়নে অভিজ্ঞতা; • পর্যাপ্ত জনবল ও প্রয়োজনীয় সহায়ক সামগ্রী থাকতে হবে;
২.	(ক) টীম লিডার (পরিবেশ বিশেষজ্ঞ)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে Environmental Science or Environmental Engineering বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার ।	• পরিবেশ দূষণ (বায়ু দূষণ, শব্দ দূষণ ইত্যাদি) এবং এর প্রতিরোধ সংক্রান্ত কাজে গবেষণা এবং প্রকল্পের প্রভাব মূল্যায়ন সংক্রান্ত সমীক্ষা পরিচালনায় টীম লিডার হিসেবে কাজ করার জন্য কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; • পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় অভিজ্ঞতা থাকতে হবে এবং প্রতিবেদন প্রণয়নে বাংলা/ইংরেজির বিষয় ভিত্তিক ভাষাগত জ্ঞানকে বিবেচনায় নেয়া হবে; • পিপিএ ২০০৬, পিপিআর ২০০৮ এবং অন্যান্য আর্থিক বিধি বিধান সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে; • সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি (জুন ২০২২) বিষয়ে সুস্পষ্ট ধারণা থাকতে হবে; এবং • সংশ্লিষ্ট বিষয়ে প্রকাশনা থাকতে হবে।
৩.	(খ) প্রকৌশলী (নগর পরিবহন বিষয়ে বিশেষজ্ঞ)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল/ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি	• প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কে স্বচ্ছ ধারণাসহ সিভিল ইঞ্জিনিয়ারিং এবং ট্রাফিক ও নগর পরিবহন সংক্রান্ত বিষয়ে সংক্রান্ত কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; • পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ এর উপর ৩ সপ্তাহ ব্যাপী বেসিক প্রকিউরমেন্ট প্রশিক্ষণ থাকতে হবে। বিভিন্ন প্রকার ক্রয় কার্যক্রম (পণ্য, সেবা, কার্য), ক্রয় পরিকল্পনা, ক্রয় অনুমোদন প্রক্রিয়া, চুক্তি সম্পাদন বিষয়ে বিশ্লেষণ করার অভিজ্ঞতা থাকতে হবে; এবং • প্রতিবেদন প্রণয়ন এবং উপস্থাপনার অভিজ্ঞতা থাকতে হবে।
৪.	(গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সামাজিক বিজ্ঞান (অর্থনীতি/সমাজ বিজ্ঞান/সমাজ কল্যাণ/সমাজ কর্ম/ডেভেলপমেন্ট স্টাডিজ ইত্যাদি) বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি।	• আর্থ-সামাজিক গবেষণা ও প্রকল্প মূল্যায়ন কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; • পরামর্শক হিসেবে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে; • প্রতিবেদন প্রণয়ন এবং উপস্থাপনার অভিজ্ঞতা থাকতে হবে।
৫.	(ঘ) পরিসংখ্যানবিদ	স্বীকৃত বিশ্ববিদ্যাল হতে পরিসংখ্যান/ফলিত পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	• সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন; • কম্পিউটারের মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, SPSSসহ অন্যান্য Statistical Software package পরিচালনায় দক্ষ হতে হবে; • ডাটা ব্যবস্থাপনা, ডাটা এন্ট্রি, এনালাইসিস ইত্যাদি বিষয়ে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; এবং • প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় দক্ষতা।

১১.০ <u>পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নেবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:</u>

ক্রঃ নঃ	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	মন্তব্য
১.	প্রারম্ভিক প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে।	টেকনিক্যাল কমিটি এবং স্টিয়ারিং কমিটির সভার জন্য
২.	১ম খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে।	টেকনিক্যাল কমিটি এবং স্টিয়ারিং কমিটির সভার জন্য
৩.	২য় খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে।	জাতীয় কর্মশালার জন্য
৪.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে।	টেকনিক্যাল কমিটি এবং স্টিয়ারিং কমিটির সভার জন্য
৫.	চুড়ান্ত প্রতিবেদন (বাংলায় ও ইংরেজীতে)	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে।	বিতরণ ও অফিসে সংরক্ষণের জন্য

১২.০ ক্রয়কারী কর্তৃক প্রদেয় :

- প্রকল্প দলিল এবং প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (ডিপিপি/আরডিপিপি/পিসিআর/বিভিন্ন পরিদর্শন প্রতিবেদন ইত্যাদি)
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য সহযোগীতা প্রদান।